বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ভূমি ও রাজস্ব পরিদপ্তর
পানি ভবন (লেভেল-১)
৭২ গ্রীনরোড (পান্থপথ), ঢাকা।

ফোন ঃ ০২২২২২৩০০৫৬
ইমেইল ঃ landrev@yahoo.com

স্মারক নং-বাপাউবো(ভূ ও রা)/১এস-৩৩/৩৮(২য় খন্ড)/২০১৭/১৯০ তারিখ ঃ ৩১-০৫-২০২২খ্রিঃ।

নির্বাহী প্রকৌশলী (সকল)
পওর/পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, ------------।

বিষয় - বাপাউবো'র অধিগ্রহনকৃত/মালিকানাধীন ভূমি বাপাউবো'র অনুকুলে রেকর্ডকরণ প্রসঙ্গে।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড জনস্বার্থে ভূমি অধিগ্রহন করে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করে থাকে। প্রকল্প বাস্তবায়ন পরবর্তী সময়ে বাপাউবো'র মালিকানাধীন অধিগ্রহনকৃত উক্ত ভূমির সার্বিক ব্যবস্থাপনার দায়-দায়িত্ব বাপাউবো'র উপর বর্তায়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ ক্ষেত্রেই বাপাউবো'র অধিগ্রহনকৃত ভূমির গেজেট সংগ্রহপূর্বক যথাসময়ে মিউটেশন সম্পন্ন করা হচ্ছে না। ফলে অধিগ্রহন পরবর্তীকালে পরিচালিত জরিপ/রেকর্ডে অধিগ্রহনকৃত ভূমি বাপাউবো'র নামে রেকর্ড না হওয়ার কারনে বাপাউবো'র মালিকানা প্রশ্নবিদ্ধ হচ্ছে এবং অবৈধ দখল ও বিক্রীসহ নানাপ্রকার জটিলতার সৃষ্টি হচ্ছে। এক্ষেত্রে বিভিন্ন সময়ে মাঠ পর্যায়ে পরিচালিত ভূমি রেকর্ড/জরিপকালীন সময়ে যথাযথভাবে রেকর্ড/জরিপ সম্পন্ন করিয়ে নেয়ার কোন বিকল্প নেই। কারন রেকর্ড পরবর্তী সময়ে রেকর্ড সংশোধন পূর্বক মালিকানা পরিবর্তন করা অত্যন্ত জটিল কাজ এবং এজন্য প্রচুর অর্থ ও সময়ের প্রয়োজন। এহেন অবস্থা হতে উত্তরনের লক্ষ্যে বিভিন্ন সময়ে দেশব্যাপী পরিচালিত ভূমি রেকর্ড ও জরিপকালীন সময়ে বাপাউবো'র মাঠ পর্যায়ে কর্মরত উপ-বিভাগীয় প্রকৌশলী, শাখা কর্মকর্তা এবং ভূমি ও রাজস্ব সংশ্লিষ্ট জনবল দ্বারা (অধিগ্রহনকৃত জমির দখলনামা, গেজেট ও এলএ প্লান প্রদর্শনের মাধ্যমে) বাপাউবো'র অধিগ্রহনকৃত/মালিকানধীন জমির পর্চা/নক্সা/খতিয়ান ইত্যাদি যথাযথভাবে প্রনয়ন করিয়ে নেয়ার পাশাপাশি হাল রেকর্ড/জরিপে রেকর্ড না হওয়া জমির রেকর্ড সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা অত্যাবশ্যক।

এমতাবস্থায়, সার্বক্ষণিক মনিটরিং এর মাধ্যমে বিভিন্ন সময়ে পরিচালিত ভূমি জরিপ/রেকর্ডকালীন সময়ে বাপাউবো'র মাঠ পর্যায়ে কর্মরত উপ-বিভাগীয় প্রকৌশলী, শাখা কর্মকর্তা এবং ভূমি ও রাজস্ব সংশ্লিষ্ট জনবল দ্বারা আপনার বিভাগাধীন বাপাউবো'র অধিগ্রহনকৃত/মালিকানাধীন ভূমি বাপাউবো'র নামে রেকর্ড করনের পাশাপাশি হাল রেকর্ড/জরিপে রেকর্ড না হওয়া জমির রেকর্ড সংশোধনের নিমিত্ত জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। এক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতার জন্য অত্র দপ্তরের সাথে যোগাযোগ করা যেতে পারে।

বিষয়টি অতীব জরুরী।

৩১/৫/২০২২

(মোঃ রেজাউল করিম)
পরিচালক

স্মারক নং- বাপাউবো(ভূ ও রা)/১এস-৩৩/৩৮(২য় খন্ড)/২০১৭/১৯০ তারিখ-৩১-০৫-২০২২খ্রিঃ।

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আদিষ্টমতে অনুলিপি প্রেরন করা হলো-

১) প্রধান প্রকৌশলী (সকল), বাপাউবো, ----------।
২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), বাপাউবো, ----------।
৩) সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
৫) সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব), (সকল)------------।
৬) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৭) সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল),----------------------------।
৮) অফিস কপি/মাষ্টার কপি।

৩১/০৫/২০২২
(স.ম. রাশিদুল হাসান)
উপ-পরিচালক (চঃ দাঃ)

C:\Users\MD. REZAUL KARIM\OneDrive\Documents\land & Revenue Pad.doc